

কাজেম আলী স্কুল এন্ড কলেজ

২য় মূল্যায়ন পরীক্ষা

একাদশ শ্রেণি

বিষয়: যুক্তিবিদ্যা।

সময়: ১:৩০ ঘন্টা

পূর্ণমান : ৩ X ১০=৩০

‘ক’-বিভাগ (সৃজনশীল)

- ১। ‘ক’ নামক একটি দেশে কয়েকটি হিরার খনির সন্ধান পাওয়া যায়। কিন্তু ঐ হিরা উত্তোলন ও পরিশোধন করে বাজারজাত করার জন্য দেশটির প্রয়োজনীয় প্রযুক্তি ও যন্ত্রপাতি নেই। তাই ঐ দেশের সরকার প্রযুক্তি ও অর্থনৈতিক সীমাবদ্ধতার কথা চিন্তা করে হিরা উত্তোলন বন্ধ রাখে এবং প্রযুক্তিগত উন্নতির চেষ্টা চালায়।
- ক) দ্বিকোটিক বিভাগ কী?
খ) যৌক্তিক বিভাগ কখন উল্লফন বিভাগ অনুপপত্তি ঘটে?
গ) উদ্দীপকে সরকার প্রধানের ভাবনায় যৌক্তিক বিভাগের কোন বিষয়টি প্রকাশ পায়? ব্যাখ্যা কর।
ঘ) উদ্দীপকে প্রকাশিত অপরিহার্য উক্তিটির সমর্থনে তোমার মতামত ব্যক্ত কর।
- ২। ইমরান সাহেব আপেল কেনার জন্য প্রথম দিন দোকানে গেলেন। দোকানদারকে দশটি মিষ্টি স্বাদের আপেল দিতে বললেন। দোকানদার তাকে দশটি আপেল দিল। তিনি এর মধ্য থেকে দুইটি আপেলের স্বাদ পরীক্ষা করলেন। এবং ভাবলেন সবগুলো আপেলই মিষ্টি হবে। কিন্তু বাসায় গিয়ে দেখলেন দশটির মধ্যে কিছু আপেলের স্বাদ টক। দ্বিতীয় দিন তিনি আবার আপেল কেনার জন্য দোকানে গেলেন। দোকানদার তাকে দশটি মিষ্টি স্বাদের আপেল দিল। কিন্তু এবার তিনি দশটি আপেলের প্রত্যেকটিই খেয়ে পরীক্ষা করে নিলেন।
- ক) অপ্রকৃত আরোহ কত প্রকার ও কি কি?
খ) আরোহের প্রাণশক্তি বলতে কী বুঝ?
গ) উদ্দীপকের ১ম দিনের আপেল কেনার ঘটনাটি যে আরোহকে নির্দেশ করে তা নির্ণয় করো।
ঘ) উদ্দীপকের ২য় দিনের আপেল কেনার ঘটনাটিতে যে আরোহের চিত্র ফুটে উঠেছে তাকে কি প্রকৃত আরোহ বলা যায়? বিশ্লেষণ সহ মতামত দাও।
- ০৩। ঘুরতে যেতে যেতে তমা বিলের শাপলা ফুল দেখে বললো, “বাহ!” কি চমৎকার তমার বাসাবী লিপি বললো, ‘আমাদের বাসার সামনের বাগানের ফুলগুলি ও সুন্দর।’ বাসাবী রিতা তখন বললো, ‘কোনো ফুলই অসুন্দর নয়।’
- ক) সদর্শক পদ কাকে বলে?
খ) সকল শব্দকে পদ বলা যায় কি? ব্যাখ্যা কর।
গ) উদ্দীপকে তমার বক্তব্যে কোন ধরনের শব্দের প্রকাশ ঘটেছে? ব্যাখ্যা কর।
ঘ) যুক্তিবাক্যের রূপান্তরের নিয়মের আলোকে লিপি ও রিতার বক্তব্যের তুলনামূলক আলোচনা কর।

বহুনির্বাচনী প্রশ্ন-(২০)

- ১। যুক্তিবিদ্যার প্রধান আলোচ্য বিষয়
ক) শিক্ষা পদ্ধতি খ) কল্পনা
গ) অনুমান ঘ) সৃজনশীলতা
- ২। গুণ ও পরিমাণ অনুসারে যুক্তিবাক্যকে কয় ভাগে ভাগ করা যায়?
ক) ২ খ) ৩
গ) ৪ ঘ) ৫
- ৩। যুক্তিবাক্যের গঠন হচ্ছে
ক) উদ্দেশ্য-বিধেয়-সংযোজক
খ) উদ্দেশ্য-সংযোজক-বিধেয়
গ) উদ্দেশ্য-বিধেয়
ঘ) বিধেয়-সংযোজক-উদ্দেশ্য
- ৪। উদ্দেশ্য পদ ও বিধেয় পদের মধ্যে সম্পর্ক তুলে ধরা কোনটির প্রধান উদ্দেশ্য?
ক) বিধেয়ক খ) ব্যক্তার্থ
গ) আবর্তন ঘ) আরোহ অনুমান
- ৫। দ্রব্য ও মানুষের মধ্যবর্তী পদগুলোকে কী বলা হয়?
ক) উপলক্ষন খ) বিভেদক লক্ষণ
গ) জাতি বা উপজাতি ঘ) বিধেয়ক
- ৬। ব্যক্তার্থ ও জাত্যর্থ শব্দ দুটি প্রথম কে ব্যবহার করেন?
ক) এরিস্টটল খ) জে. এস. মিল
গ) সক্রোটস ঘ) যোসেফ
- ৭। পদের জাত্যর্থের সুস্পষ্ট বর্ণনাকে কী বলে?
ক) শ্রেণিকরণ খ) ব্যাখ্যাকরণ
গ) যৌক্তিক সংজ্ঞা ঘ) যৌক্তিক বিভাগ
- ৮। প্রকৃত আরোহ কত প্রকার?
ক) ৪ খ) ২
গ) ৩ ঘ) ৫
- ৯। প্রকৃত আরোহের মূল বৈশিষ্ট্য কী?
ক) বাস্তব অভিজ্ঞতা খ) পরীক্ষন
গ) কার্যকারণ নীতি ঘ) আরোহমূলক লক্ষ
- ১০। বৈজ্ঞানিক ও অবৈজ্ঞানিক উভয় আরোহের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?
ক) অপ্রকৃত আরোহ খ) সিদ্ধান্ত অনিশ্চিত
গ) সিদ্ধান্ত সর্বিক ঘ) সিদ্ধান্ত নিশ্চিত
- ১১। সাদৃশ্যানুমান কত প্রকার?
ক) ২ খ) ৩
গ) ৫ ঘ) ৪
- ১২। রফিক শফিক ও রহিম হয় বুদ্ধিমান। অতএব সকল মানুষ হয় বুদ্ধিমান এটি কোন ধরনের আরোহ?
ক) বৈজ্ঞানিক আরোহ
খ) অবৈজ্ঞানিক আরোহ
গ) সাদৃশ্যানুমান
ঘ) অপ্রকৃত আরোহ
- ১৩। ঘটনা সংযোজনের সিদ্ধান্ত কীরূপ যুক্তিবাক্য?
ক) সার্বিক খ) নঞর্থক
গ) বিশিষ্ট ঘ) বিশ্লেষক
- ১৪। কোন যুক্তিবিদ সর্বপ্রথম Colligation of Facts কথাটি ব্যবহার করেন?
ক) মিল খ) কপি
গ) হি ওয়েল ঘ) রাসেল
- ১৫। যৌক্তিক বিভাগ কোন ধরনের প্রক্রিয়া?
ক) বৈজ্ঞানিক খ) মানবিক
গ) সামাজিক ঘ) লৌকিক
- ১৬। দ্বিকোটিক বিভাগের প্রবর্তক কে?
ক) এরিস্টটল খ) বেনথাম
গ) মিল ঘ) যোসেফ
- ১৭। দ্বিকোটিক বিভাগের মূলভিত্তি কী?
ক) অভেদ নিয়ম খ) বিরোধ নিয়ম
গ) মধ্যম রহিত নিয়ম
ঘ) প্রকৃতির নিয়ম
- ১৮। সততার মানদণ্ডে মানুষ পদের কয়টি উপশ্রেণী পাওয়া যায়?
ক) একটি খ) দুইটি
গ) তিনটি ঘ) চারটি
- ১৯। যৌক্তিক বিভাগে একধিক মূলনীতি গ্রহণ করা হলে কোন অনুপপত্তি ঘটে?
ক) অব্যাপক বিভাগ
খ) অতিব্যাপক বিভাগ
গ) সংকর বিভাগ
ঘ) উল্লক্ষন বিভাগ
- ২০। Dichotomy শব্দটি দিয়ে কয়ভাগে ভাগ করা যায়?
ক) দুই খ) তিন
গ) চার ঘ) পাঁচ